জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
আগারগাঁও, ঢাকা।
www.sid.gov.bd

**বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তথ্য ব্যবস্থাপনা উইং-এর সকল অধিশাখা/শাখার কর্মবণ্টন পর্যালোচনা বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০১/০৩/২০২২ খ্রি. মঙ্গলবার |
| সভাপতি | : | শেখ মোঃ কাবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ ব্লক-বি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি যুগ্মসচিব, তথ্য ব্যবস্থাপনা বিভাগ জনাব মোছাঃ নূরজাহান খাতুন কে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য আহ্বান জানান। তথ্য ব্যবস্থাপনা উইং-এর যুগ্মসচিব জানান যে, সচিব এবং অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের নির্দেশনানুযায়ী আজকের সভার আয়োজন করা হয়েছে। সভার পূর্বে ২/৩ দিন যাবৎ এ সভার বিষয়ে বিবিএস পরিচালক জনাব জিয়াউদ্দীন আহমেদ, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, জনাব মোঃ দিলদার হোসেন প্রকল্প পরিচালক এনএসডিএস, জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস, এবং জনাব রেজাউর রনি, প্রভাষক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, এঁদের সঙ্গে বসে আলোচনা/পরামর্শ গ্রহণ করা হয়। এছাড়া সকল শাখাসংশ্লিষ্ট কর্মকর্তা সর্বজনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, এ.এফ.এম. ফিরোজ মাহমুদ, হাছিনা বেগম ও সৌমিত্র কুমার পালকে সভার বিষয়ে নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়। এরপর তিনি তথ্য ব্যবস্থাপনা-১ ও ২-এর কর্মবণ্টন অনুযায়ী প্রত্যেকটি কাজ পর্যালোচনা ও আগামী ১ (এক) মাসের পরিকল্পনা কী তা জানানোর জন্য প্রথমে জনাব এ.এফ.এম ফিরোজ মাহমুদ, সিনিয়র সহকারী সচিবকে অনুরোধ জানান।

২। জনাব ফিরোজ মাহমুদ জানান যে, তথ্য ব্যবস্থাপনা-২-এর কিছু বিষয় আছে যা গতানুগতিক যেমন পরিসংখ্যান সরবরাহকরণ, প্রকাশনার ব্যবস্থাগ্রহণ এবং বিভিন্ন প্রতিবেদন পরীক্ষা। এজাতীয় কাজ পরিস্থিতির উপর নির্ভর করে থাকে। এক্ষেত্রে এজাতীয় কাজে পরিকল্পনা করার তেমন কোনো সুযোগ নেই। তবে দ্রুততার সাথে কাজগুলো সম্পন্ন করতে হবে।

৩। জনাব এ.এফ.এম ফিরোজ মাহমুদ সভাকে আরও অবহিত করেন যে, কৃষিবিষয়ক পরিসংখ্যান অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কৃষিসম্পর্কিত ব্যক্তির/প্রতিষ্ঠানের সুবিধার্থে প্রকাশিত পরিসংখ্যান খুব সহজেই পাওয়ার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অথবা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে এতদসংক্রান্ত তথ্য প্রকাশ করা যেতে পারে। এছাড়াও প্রত্যেক জেলা প্রশাসকের ওয়েবসাইটসহ জেলা ও উপজেলা প্রশাসন পর্যায়ে কৃষিসহ প্রকাশিত অন্যান্য পরিসংখ্যানের লিংক প্রকাশ করা যেতে পারে। ইতোমধ্যে খুলনা ও রাঙ্গামাটি জেলার গেজেটিয়ার প্রকাশিত হয়েছে। সিলেট জেলার কপিসমূহ সংশোধন করে পুনরায় মুদ্রণ করা হয়েছে এবং ময়মনসিংহ জেলার সমস্যাও সমাধান করা হয়েছে। অন্যদিকে বগুড়া, দিনাজপুর ও বরিশাল জেলার জেলা গেজেটিয়ার সংশোধনপূর্বক প্রধান সম্পাদক জনাব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর নিকট প্রেরণ করা হয়েছে। তাঁর অনুমতি পেলে সেগুলো চূড়ান্ত মুদ্রণের জন্য প্রেসে প্রেরণ করা হবে। উল্লেখ্য, প্রকাশিত দুটি জেলা গেজেটিয়ার সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর সহ প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে বলে জানান। আগামী অর্থবছরে জেলা গেজেটিয়ারের অবশিষ্ট ৫৭ (সাতান্ন)টি জেলার মধ্যে প্রতিটি বিভাগ থেকে ১ (এক) টি করে নতুন জেলা নিয়ে মোট ৮ (আটটি) জেলার গেজেটিয়ার প্রণয়ন ও প্রকাশের নিমিত্ত একটি খসড়া পিপিএনবি প্রস্তুত করতে হবে। এজন্য একটি খসড়া বাজেট ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। অন্য দিকে বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ সময়মতো নির্ধারিত স্থানে দ্রুততার সাথে প্রেরণ করতে হবে। জেলা পরিসংখ্যান অফিস ব্যতীত এখন হতে জেলা প্রশাসকের কার্যালয়েও বার্ষিক প্রতিবেদন প্রেরণ করতে হবে মর্মে

সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তিনি ভোক্তার মূল্যসূচকসহ অন্যান্য মূল্যসূচক ও অন্যান্য পরিসংখ্যানের বিষয়ে একটি "পরিসংখ্যান অ্যাপ" তৈরির পরিকল্পনার বিষয়ে উল্লেখ করে বলেন, এরূপ একটি অ্যাপ তৈরি করলে সেই অ্যাপের মাধ্যমে যাবতীয় পরিসংখ্যান খুব সহজেই পাওয়া যেতে পারে। এছাড়া পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের পরিসংখ্যানের বিষয়ে দক্ষতা অর্জনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর কর্মকর্তাদের সমন্বয়ে তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ হতে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি জানান।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(১) কৃষিসম্পর্কিত ব্যক্তির/প্রতিষ্ঠানের সুবিধার্থে প্রকাশিত পরিসংখ্যান খুব সহজেই পাওয়ার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অথবা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে এসংক্রান্ত তথ্য প্রকাশ করা যেতে পারে।

(২) প্রত্যেক জেলা প্রশাসকের ওয়েবসাইটসহ জেলা এবং উপজেলা প্রশাসন পর্যায়ে কৃষিসহ প্রকাশিত অন্যান্য পরিসংখ্যানের লিংক প্রকাশ করা যেতে পারে।

(৩) বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ সময়মতো প্রকাশ করে-এর কপিসমূহ নির্ধারিত স্থানে দ্রুততার সাথে প্রেরণ করতে হবে।

(৪) জেলা পরিসংখ্যান অফিস ব্যতীত এখন হতে জেলা প্রশাসকের কার্যালয়েও বার্ষিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(৫) ভোক্তার মূল্যসূচকসহ অন্যান্য মূল্যসূচক ও অন্যান্য পরিসংখ্যান প্রচারণার্থে একটি "পরিসংখ্যান অ্যাপ" তৈরি করা যেতে পারে।

(৬) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের পরিসংখ্যানের বিষয়ে দক্ষতা অর্জনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর কর্মকর্তাদের সমন্বয়ে তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ হতে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(৭) আগামী অর্থবছরে অবশিষ্ট ৫৭ (সাতান্ন)টি জেলার মধ্যে ৮টি বিভাগ থেকে ১টি করে নতুন জেলা নিয়ে মোট ৮টি জেলার গেজেটিয়ার প্রণয়ন ও প্রকাশের নিমিত্ত একটি খসড়া পিপিএনবি প্রস্তুত করে পুনরায় একটি সভা আহ্বান করতে হবে। অতঃপর সচিবের সভাপতিত্বে সভার আয়োজন করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(৮) প্রকাশিত দুটি জেলা গেজেটিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রত্যেক কর্মকর্তাসহ সকল জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৪। যুগ্মসচিব মোছাঃ নূরজাহান খাতুন, তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব এ.এফ.এম ফিরোজ মাহমুদকে ধন্যবাদ জানিয়ে তথ্য ব্যবস্থাপনা-১, শাখার সিনিয়র সহকারী সচিব জনাব খন্দকার মো: মাহাবুবুর রহমানকে তাঁর শাখার কর্মবণ্টন বিষয়ে পর্যালোচনা এবং আগামী ১ (এক) মাসের কর্মপরিকল্পনা সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

সিনিয়র সহকারী সচিব তথ্য ব্যবস্থাপনা-১, শাখার নির্ধারিত কাজ এবং করণীয় পরিকল্পনা সভায় তুলে ধরেন; তিনি জানান যে, তথ্য ব্যবস্থাপনা-১ এ National Population Register (NPR) Gerographical Information System (GIS), জিও কোড ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজ রয়েছে। এরপর তিনি এসংক্রান্ত বিষয়গুলো বিস্তারিত তুলে ধরেন:

৪.১। **National Population Register (NPR)**: আলোচনাকালে সভাকে জানান যে, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগের NPR খুব গুরুত্বপূর্ণ কাজ। ১০/০২/২০২২ তারিখ NPR বিষয়ক ২য় অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। কর্মশালায় NPR বিষয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অনুসারে NPR-এর পাইলটিং-এর জন্য প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা যেতে পারে। এর পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন যে, ডিপিপি প্রণয়নের পূর্বে অবশ্যই সচিবের অনুমতি গ্রহণ করতে হবে এবং অনুমতি প্রদানের পর ডিপিপি প্রণয়নের কাজ শুরু করতে হবে।

৪.২। **জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল (National Strategy for Development of Statistics, NSDS) বাস্তবায়ন ও হালনাগাদকরণ**: এসংক্রান্ত আলোচনাকালে চলমান NSDS প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব দিলদার হোসেন সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কার্যক্রম উন্নয়ন অনুবিভাগ হতে

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)

বাস্তবায়িত হচ্ছে। তিনি আরও জানান, NSDS হালনাগাদের কাজ শুরু হবে এবং এজন্য আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করতে হবে।

৪.৩। **সরকারের অভ্যন্তরীণ তথ্য-উপাত্ত কাঠামো প্রমিতকরণ ও মানোন্নয়ন এবং এবিষয়ে সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের সম্পৃক্ততা নিশ্চিতকরণ:** আলোচনাকালে সভাকে জানানো হয় যে, "জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ" (NACS)-এর সভা গত ২৭ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ২য় সভার অনুষ্ঠানের লক্ষ্যে তারিখ ও সময় চেয়ে নথি উপস্থাপন করা হয়েছে।

৪.৪। **জিও-কোড সিস্টেম হালনাগাদকরণ, সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থায় বা প্রতিষ্ঠানে ব্যবহার নিশ্চিতকরণ:** জি.ও কোড প্রণয়নের পর তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে সংরক্ষণ করা আছে। সরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ জি.ও কোড ব্যবহার করছে।

৪.৫। **কেন্দ্রীয়ভাবে Geographical Information System (GIS) উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং এসংক্রান্ত অন্যান্য সংস্থার সাথে সমন্বয় ও একটি প্লাটফর্মে কাজ করার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান:** এবিষয় নিয়ে সিনিয়র সহকারী সচিব জনাব খন্দকার মো: মাহবুবুর রহমান সভাকে জানান যে, ২৩/১২/২০২১ তারিখের সভায় বাংলাদেশ জি.আই.এস প্লাটফর্ম (বিজিআইএসপি) গাইডলাইন চূড়ান্ত করার জন্য সভা হয়েছে। স্টেকহোল্ডারদের কাছে উপস্থাপিত গাইডলাইন সম্পর্কে মতামত আহ্বান করা হলে ৬টি প্রতিষ্ঠান মতামত প্রদান করে। অন্যান্য প্রতিষ্ঠানের কাছে মতামত চেয়ে পুনরায় পত্র প্রেরণ করা হবে। আলোচনার অংশ নিয়ে যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) সভাকে জানান যে, বিবিএস-এর মাধ্যমে একটি ডেটা মাইনিং প্রতিষ্ঠা করে দেশের সকল জিআইএস সংস্থার তথ্য-উপাত্ত সংরক্ষণ ও বিতরণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। তিনি আরও উল্লেখ করেন যে, বিবিএস এ কর্মরত GIS কাজে অভিজ্ঞ কর্মকর্তা/কর্মচারীগণ GIS কাজে নিয়োজিত নয়; তারা অন্যান্য বিভিন্ন কাজে নিয়োজিত রয়েছেন। GIS-কে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য কার্টোগ্রাফার, নকশাবিদ এবং এসংক্রান্ত সকল কর্মকর্তাকে নিয়ে বিবিএস-এ একটি উইং বা সেল গঠন করা যেতে পারে। তিনি জি.আই.এস বিষয় নিয়ে "সার্ভিস পুল" গঠনের উপরও গুরুত্ব আরোপ করেন। এর পরিপ্রেক্ষিতে BGISP বিষয়ে পৃথক সভা আহ্বানের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(ক) NPR-এর পাইলটিং-এর জন্য ডিপিপি প্রণয়নের উদ্যোগ নিতে হবে এবং এবিষয়ে সচিবের অনুমতি নিতে হবে।
(খ) চলমান NSDS-এর যেসকল কাজ সমাপ্ত হয়েছে এবং যেসকল কাজ অনিষ্পন্ন রয়েছে তার তালিকা প্রকল্প পরিচালক হতে নিতে হবে। NSDS হালনাগাদের কার্যক্রম গ্রহণের জন্য বিবিএসকে পত্র দিতে হবে।
(গ) "জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ"-এর ২য় সভা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করতে হবে।
(ঘ) বিজিআইএসপি গাইডলাইন-২০২১-এর বিষয়ে মতামত চেয়ে স্টেকহোল্ডারদের বরাবরে পত্র দিতে হবে এবং এবিষয়ে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর নেতৃত্বে সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।
(ঙ) তথ্য ব্যবস্থাপনা-১ শাখা জিআইএস বিষয়ে দ্রুত একটি সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।
(চ) আরটিআই বিষয়ক প্রশিক্ষণের কাজ যথাসময়ে শেষ করতে হবে।

৫। ইনোভেশন কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুত ও সর্বশেষ হালনাগাদকৃত geocode অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থায় ব্যবহারের সুবিধার্থে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর আওতায় একটি Application Programming Interface (API) প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে APIটি প্রস্তুতকরণের প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ০১/০৩/২০২২ তারিখে ইনোভেশন টিমের সভায় বিভিন্ন ফিচারসহ 'ডেমু' প্রদর্শিত হলে সকলের মতামতের ভিত্তিতে অ্যাপ্লিকেশনটি প্রাথমিকভাবে অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদন সাপেক্ষে API উন্মুক্তকরণের ব্যবস্থাগ্রহণ এবং এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করা হবে।

বাজেট অধিশাখা হতে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী "কর্মচারীদের জন্য ঋণ মঞ্জুরী" সেবাটি সহজিকরণ হয়েছে। ২০/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় সহজিকৃত প্রসেস ম্যাপটি সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা শেষে খসড়া অনুমোদন করা হয়। এবিষয়ে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চূড়ান্ত অনুমোদন নিয়ে ২৪/০২/২০২২ তারিখে সহজিকৃত প্রসেস ম্যাপসহ একটি অফিস আদেশ জারি করে সংশ্লিষ্ট শাখাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। বর্তমানে প্রসেস ম্যাপ অনুসরণ করে ঋণ প্রদানের ব্যবস্থা নেয়া হচ্ছে।

০৩/০৩/২০২২ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত ফিডব্যাক সভায় স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস ডিজিটাল সেবাটি উপস্থাপন করা হয়। উক্ত সভায় এবিভাগের চিফ ইনোভেশন অফিসার শেখ মোঃ কাবেদুল ইসলাম (অতিরিক্তি সচিব) এবং ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব ওয়াহিদ মুরাদ (প্রোগ্রামার) অংশ নেন।

**আগামী ১ (এক) মাসের ইনোভেশন বিষয়ক কার্যক্রম**

১। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুত ও সর্বশেষ হালনাগাদকৃত geocode অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থায় ব্যবহারের সুবিধার্থে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর আওতায় একটি Application Programming Interface (API) প্রস্তুতকরণের প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনসাপেক্ষে API উন্মুক্তকরণের ব্যবস্থাগ্রহণ এবং এবিষয়ে ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারি করতে হবে।

২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি অবহিতকরণ কর্মশালার আয়োজন এবিভাগের চলতি মাসের ক্যালেন্ডারভুক্ত রয়েছে। এবিষয়ক ৪ (চার)টি কর্মশালা আয়োজনের অসাধারণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে যার মধ্যে ২ (দুই)টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নসংক্রান্ত প্রশিক্ষণ এবিভাগের চলতি মাসের ক্যালেন্ডারভুক্ত রয়েছে। এবিষয়ক ৪ (চার)টি কর্মশালা আয়োজনের অসাধারণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে, যার মধ্যে ২ (দুই)টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

৪.৬। **RTI সংক্রান্ত কার্যক্রম:** সভাকে জানানো হয় যে, এপিএ কর্মপরিকল্পনা অনুসারে চলমান অর্থবছরে ৩টি প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এগুলোর মধ্যে ৩০/ ১১/২০২১ তারিখ একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট প্রশিক্ষণ ২৪/০৩/২০২২ ও ১৭/০৪/২০২২ তারিখ অনুষ্ঠিত হবে।

**সিদ্ধান্ত:**

ইনোভশন এবং RTI বিষয়ক কার্যক্রম যথাসম্ভব নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/03/2022

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)